



নং: ৪৫.০০.০০০০.১২২.২৭.১১০.১০১০- ৪১৩

তারিখ: ২৫.১১.২০২০ খ্রি.

বিষয়: ডা. মোঃ মোখলেসুর রহমান (৪১৭৩৮), সহকারী অধ্যাপক, অর্থোপেডিক সার্জারি, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (সংযুক্তঃ শেখ হাসিনা মেডিকেল কলেজ, টাঙ্গাইল)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক বিভাগীয় মামলা

বিভাগীয় মামলা নং ... ৮৬/২০২০

### অভিযোগনামা

যেহেতু আপনি ডা. মোঃ মোখলেসুর রহমান (৪১৭৩৮), সহকারী অধ্যাপক, অর্থোপেডিক সার্জারি, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (সংযুক্তঃ শেখ হাসিনা মেডিকেল কলেজ, টাঙ্গাইল) সহযোগী অধ্যাপক পদে পদোন্নতির খসড়া তালিকার ভুল সংশোধনের জন্য স্বাস্থ্য সেবা বিভাগে প্রেরিত আবেদনে সিনিয়র স্কেল পরীক্ষায় পাশ করেছেন মর্মে দাবি করেছেন;

যেহেতু পরবর্তীতে যোগাযোগ করা হলে আপনি গত ০৬.১২.২০০৯ খ্রি. তারিখের সিনিয়র স্কেল পরীক্ষা পাশের গেজেট বাসককস/ইউনিট-১০/সিস্কেপপ ৩/২০০৯/১০৬ নম্বর স্মারকের ৮৪ নং ক্রমিকে আপনার নাম উল্লেখ রয়েছে মর্মে তথ্য প্রদান করেছেন;

যেহেতু যাচাই করে দেখা গেছে যে, ৮৪ নং ক্রমিকে বর্ণিত ডা. মোঃ মোখলেসুর রহমান অন্য একজন কর্মকর্তা, যার কোড নং ৪২১২৬ এবং প্রকৃতপক্ষে উক্ত স্মারকে আপনার অবস্থান ১৩৪ নং ক্রমিকে;

যেহেতু আপনি উপর্যুক্ত প্রক্রিয়ায় প্রকৃত তথ্য গোপনের মাধ্যমে একই নামের অন্য কর্মকর্তার সিনিয়র স্কেল পরীক্ষা পাশের তথ্যকে নিজের দাবি করে সহযোগী অধ্যাপক পদে পদোন্নতির জন্য স্বাস্থ্য সেবা বিভাগে আবেদন করেছেন;

যেহেতু আপনার এহেন কর্মকর্তা সরকারি কর্মচারী আচরণ বিধিমালা, ১৯৭৯-এর পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণ হিসেবে গণ্য;

সেহেতু আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণের দায়ে অভিযুক্ত করা হলে এবং কেন আপনাকে উক্ত বিধিমালায় অধীনে যথোপযুক্ত দণ্ড প্রদান করা হবে না, সে বিষয়ে এ নোটিশ প্রাপ্তির ১০ (দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ দর্শনের জন্য নির্দেশ প্রদান করা হল।

একইসঙ্গে, আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এ সঙ্গে সংযুক্ত করা হল।

২৫. ১১. ২০২০

(মো. আবদুল মান্নান)  
সচিব

ডা. মোঃ মোখলেসুর রহমান (৪১৭৩৮)  
সহকারী অধ্যাপক (অর্থোপেডিক সার্জারি)  
ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা  
সংযুক্তঃ শেখ হাসিনা মেডিকেল কলেজ, টাঙ্গাইল

নং-৪৫.০০.০০০০.১১২.২৭.১১০.২০২০-৪১৩/২(১০)

তারিখঃ ২৫.১১.২০২০ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভ্যুত্তের বর্তমান ও স্থায়ী ঠিকানায় যথাযথভাবে জারি করে জারীকৃত প্রতিবেদন এ অধিশাখায় প্রেরণের অনুরোধসহ)
- ২। যুগ্মসচিব (পার), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৩। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিষয়টি উক্ত কর্মকর্তার পিডিএস ও ভাটাবেজে সংরক্ষণ করার অনুরোধসহ)
- ৪। অধ্যক্ষ, শেখ হাসিনা মেডিকেল কলেজ, টাঙ্গাইল
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৬। উপপরিচালক (শুজলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (সংশ্লিষ্ট চিকিৎসকের ব্যক্তিগত ফাইলে এন্ট্রিসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৮। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৯। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১০। অফিস কপি

২৫.১১.২০২০  
(মোঃ শাহাদত হোসেন কবির)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

disc@hwd.gov.bd

## অভিযোগ বিবরণী


আপনি ডা. মোঃ মোখলেসুর রহমান (৪১৭৩৮), সহকারী অধ্যাপক, অর্থোপেডিক সার্জারি, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (সংযুক্তঃ শেখ হাসিনা মেডিকেল কলেজ, টাঙ্গাইল) সহযোগী অধ্যাপক পদে পদোন্নতির খসড়া তালিকার ভুল সংশোধনের জন্য স্বাস্থ্য সেবা বিভাগে প্রেরিত আবেদনে সিনিয়র স্কেল পরীক্ষায় পাশ করেছেন মর্মে দাবি করেছেন;

পরবর্তীতে যোগাযোগ করা হলে আপনি গত ০৬.১২.২০০৯ খ্রি. তারিখের সিনিয়র স্কেল পরীক্ষা পাশের গেজেট বাসককস/ইউনিট-১০/সিক্লেপপ-৩/২০০৯/১০৬ নম্বর স্মারকের ৮৪ নং ক্রমিকে আপনার নাম উল্লেখ রয়েছে মর্মে তথ্য প্রদান করেছেন;

যাচাই করে দেখা গেছে যে, ৮৪ নং ক্রমিকে বর্ণিত ডা. মোঃ মোখলেসুর রহমান অন্য একজন কর্মকর্তা, যার কোড নং ৪২১২৬ এবং প্রকৃতপক্ষে উক্ত স্মারকে আপনার অবস্থান ১৩৪ নং ক্রমিকে;

আপনি উপর্যুক্ত প্রক্রিয়ায় প্রকৃত তথ্য গোপনের মাধ্যমে একই নামের অন্য কর্মকর্তার সিনিয়র স্কেল পরীক্ষা পাশের তথ্যকে নিজের দাবি করে সহযোগী অধ্যাপক পদে পদোন্নতির জন্য স্বাস্থ্য সেবা বিভাগে আবেদন করেছেন;

আপনার এতেন কর্মকাণ্ড সরকারি কর্মচারী আচরণ বিধিমালা, ১৯৭৯-এর পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণ হিসেবে গণ্য। আপনি উপর্যুক্ত কার্যকলাপ দ্বারা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণের দায়ে অভিযুক্ত হয়েছেন।

  
২৫. ১১. ২০২০  
(মো. আবদুল মান্নান)  
সচিব